

2nd India-Australia-Japan- USA Ministerial Meeting

October 06, 2020

দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া-জাপান-আমেরিকা মন্ত্রীস্তরীয় বৈঠক

অক্টোবর 06,2020

বিদেশ মন্ত্রী ড. জয়শংকর, 06 অক্টোবর 2020 -তে টোকিওতে দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া-জাপান-আমেরিকা মন্ত্রীস্তরীয় বৈঠকে অংশগ্রহণ করেছেন। বিদেশ মন্ত্রী তাদের সেপ্টেম্বর 2019- এর আলোচনার অনুসরণ করেছেন এবং কোভিড-19 পরবর্তী আন্তর্জাতিক অভিপ্রায় নিয়ে আলোচনা করেছেন। তারা অতিমারি থেকে নির্গত হওয়া অর্থনৈতিক সমস্যা সহ প্রতিবন্ধকতার সমন্বয়ী প্রতিক্রিয়া; কোভিড-19 -এর মোকাবিলায় সর্বোত্তম অনুশীলনকে ভাগ করে নেওয়া; সরবরাহ শৃংখলার স্থিতিশীলতা বৃদ্ধি; এবং সাশ্রয়ী প্রতিষেধক, ওষুধ এবং চিকিৎসা সামগ্রী উপলব্ধতা বৃদ্ধির জন্য আহ্বান করেছেন।

বিদেশ মন্ত্রীরা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক সমস্যা এবং সংযোগ সম্পর্কিত সমস্যা; মানবিক সহযোগিতা এবং বিপর্যয় ত্রান; সামুদ্রিক নিরাপত্তা ও সুরক্ষা; স্বাস্থ্য সুরক্ষা এবং সন্ত্রাসবাদ বিরোধিতা প্রভৃতি বিষয়গুলি নিয়ে মত বিনিময় করেছেন। তারা একটি স্বাধীন, উন্মুক্ত এবং একত্রিত ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চল বজায় রাখার জন্য তাদের সমবেত দৃষ্টিভঙ্গিকে পুনরায় অনুমোদন করেছেন। এই পরামর্শের আদর্শকে অভিনন্দিত করে তারা নিয়মিতভাবে এটি অনুষ্ঠিত করার জন্য সহমত হয়েছেন।

বিদেশমন্ত্রী, আমেরিকার রাষ্ট্র সচিব মহামান্য শ্রী মাইকেল পম্পেও-র সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠকও করেছেন; এবং অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী মহামান্য কুমারী মারিসে পায়োন-এর সাথে; এবং জাপানের বিদেশমন্ত্রী মহামান্য শ্রী তোশিমিতসু মোতেগি-র সাথেও বৈঠক করবেন। এই বৈঠকগুলি আপন আপন মন্ত্রীদের জারি থাকা দ্বিপাক্ষিক সহযোগিতার পর্যালোচনা এবং আঞ্চলিক, বৈশ্বিক ও পারস্পরিক স্বার্থের সমস্যাগুলি নিয়ে আলোচনার একটা সুযোগ প্রদান করেছে।

নিউ দিল্লি

অক্টোবর 06,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.